বাংলাদেশের সুবর্ণজয়ন্তী Bangladesh 50

“মুজিববর্ষের অঙ্গীকার
উন্নয়ন-অর্থায়নের উৎস হবে পুঁজিবাজার”

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

সূত্র নং- বিএসইসি/সার্ভেইল্যান্স/মুখপাত্র (৫ম খন্ড)/২০১৯/২৬০ তারিখঃ ২৭ শ্রাবণ, ১৪২৭ বঙ্গাব্দ
১১ আগস্ট, ২০২১ খ্রিষ্টাব্দ

# প্রেস বিজ্ঞপ্তি

৭৮৬ তম কমিশন সভা অদ্য ১১/০৮/২০২১ তারিখে কমিশনের সভা কক্ষে চেয়ারম্যান অধ্যাপক শিবলী রুবাইয়াত-উল-ইসলাম এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় অন্যান্যের মধ্যে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়েছে ঃ-

০১. কমিশন অদ্যকার সভায়, Sena Kalyan Insurance Company Limited (সেনা কল্যান ইন্সুরেন্স কোম্পানি লিমিটেড) প্রতিটি ১০ টাকা ইস্যু মূল্যের ০১ কোটি ৬০ লক্ষ সাধারণ শেয়ার প্রাথমিক গণ প্রস্তাব (IPO)এর মাধ্যমে ইস্যু করার প্রস্তাব অনুমোদন প্রদান করেছে। এই IPO এর মাধ্যমে কোম্পানিটি ১৬ (ষোল) কোটি টাকা পুঁজি উত্তোলন করে সরকারি সিকিউরিটিজ ক্রয়, পুজিবাজারে তালিকাভুক্ত সিকিউরিটিজে বিনিয়োগ, নিজস্ব অফিস স্পেস ক্রয়, তফসিলি ব্যাংকে স্থায়ী আমানত এবং প্রাথমিক গণ প্রস্তাবের খরচ খাতে ব্যয় করবে। কোম্পানিটির ৩১শে ডিসেম্বর, ২০২০ তারিখে সমাপ্ত অর্থ বছরের নিরীক্ষিত আর্থিক বিবরণী অনুযায়ী পুনঃমূল্যায়ন ছাড়া নেট এ্যাসেটভ্যালু (NAV Without Revaluation) টাকা ২১.০৯ (কোম্পানিটি কোন সম্পদ পুনঃমূল্যায়ন করেনি) ও শেয়ার প্রতি আয় ৩.৯৩ টাকা এবং বিগত ০৫(পাঁচ) বছরের ভারিত গড় হারে শেয়ার প্রতি আয় (EPS) ২.৬৫ টাকা। কোম্পানিটির ইস্যু ব্যবস্থাপনার দায়িত্বে নিয়োজিত রয়েছে AAA Finance & Investment Limited। উল্লেখ্য যে, পুজিবাজারে তালিকাভুক্তির পূর্বে কোম্পানিটি কোন প্রকার লভ্যাংশ ঘোষণা, অনুমোদন বা বিতরণ করতে পারবেনা। উল্লেখ্য যে, ইলেকট্রনিক সাবসক্রিপশন সিস্টেম এর মাধ্যমে কোম্পানিটির সাধারণ শেয়ারের চাঁদা গ্রহন শুরুর দিন হতে পূর্ববর্তী পঞ্চম কার্যদিবস শেষে চাঁদা প্রদানে ইচ্ছুক যোগ্য বিনিয়োগকারী (Eligible Investor) গণের মধ্যে স্বীকৃত পেনশন ফান্ড এবং স্বীকৃত প্রভিডেন্ড ফান্ড এর ক্ষেত্রে তালিকাভুক্ত সিকিউরিটিজে বাজারমূল্যে ন্যুনতম ৫০ (পঞ্চাশ) লক্ষ টাকা এবং অন্যান্য যোগ্য বিনিয়োগকারী (Eligible Investor) গণের ক্ষেত্রে তালিকাভুক্ত সিকিউরিটিজে বাজারমূল্যে ন্যুনতম ০১ (এক) কোটি টাকা বিনিয়োগ থাকতে হবে মর্মে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।

০২. সোনালী লাইফ ইন্সুরেন্স কোম্পানি লি: এর প্রাথমিক গণ প্রস্তাব (IPO) আবেদনে যে সকল বিনিয়োগকারী একটি ব্যাংক হিসাবের বিপরীতে দু'টির বেশি IPO আবেদন করেছেন, Consent Letter এর শর্ত নং ১০ এর নির্দেশনা মোতাবেক সব আবেদন বাতিলপূর্বক আবেদিত অর্থের ১৫% বাজেয়াপ্ত করা হয়। বিনিয়োগকারীগণের আবেদনের প্রেক্ষিতে, শেষবারের মত পুঁজিবাজারের উন্নয়ন ও বিনিয়োগকারীগণের স্বার্থ রক্ষার্থে কমিশন অদ্যকার সভায় বাজেয়াপ্ত অর্থ ১৫% এর পরিবর্তে ৭.৫০% করার সিদ্ধান্ত গৃহীত হয়। উল্লেখ্য যে, ভবিষ্যতে কখনো এ ধরনের আবেদন গ্রহণ করা হবে না।

০৩. কমিশন অদ্যকার সভায়, উভয় স্টক এক্সচেঞ্জ কর্তৃক দাখিলকৃত প্রতিবেদন অনুযায়ী দেখা যাচ্ছে যে, নূরানী ডাইং অ্যান্ড সোয়েটার এর কারখানা ও কর্পোরেট অফিস পরিদর্শনদল কোম্পানিটির উৎপাদন ও অন্যান্য কার্যক্রম দীর্ঘদিন যাবৎ বন্ধ রয়েছে বলে প্রতীয়মান হয়। কিন্তু কোম্পানির আর্থিক প্রতিবেদন ও স্টক এক্সচেঞ্জে দাখিলকৃত অন্যান্য তথ্য অনুযায়ী কোম্পানির কার্যক্রম চলমান রয়েছে। এমতাবস্থায়, বিগত বছরগুলোর আর্থিক প্রতিবেদনের সাথে বাস্তব কার্যক্রমের সামঞ্জস্য পর্যালোচনাপূর্বক সংশ্লিষ্ট বছরের আর্থিক প্রতিবেদনের নিরীক্ষকদের বিরুদ্ধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ সহ কোম্পানির পরিচালনা পর্ষদ পুনর্গঠনের সিদ্ধান্ত গৃহীত হয়।

11-08-2021
মোহাম্মদ রেজাউল করিম
নির্বাহী পরিচালক ও মুখপাত্র